

নম্বর-এডি-পি(২)-১১১৮/১৮৫

১৯ চৈত্র ১৪২৫ বঙ্গাব্দ
তারিখঃ-----
০২ এপ্রিল ২০১৯ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

মন্ত্রণালয়ের সহকারী সাইফার কর্মকর্তা জনাব মোঃ আব্দুর রউফ-কে পুনরাদেশ না দেওয়া পর্যন্ত নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে বাংলাদেশ সহকারী হাইকমিশন, বার্মিংহাম-এ প্রশাসনিক কর্মকর্তা পদে বদলি করা হলোঃ

- ক) বেতন : জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী।
খ) বৈদেশিক ভাতা : বিধি অনুযায়ী প্রাপ্য।
গ) চিকিৎসা ভাতা : বিধি অনুযায়ী সরকারি ব্যয়ে চিকিৎসা সুবিধাদি।
ঘ) সন্তানাদির শিক্ষা ভাতা : বিধি অনুযায়ী প্রাপ্য।
ঙ) উৎসব ভাতা : বিধি অনুযায়ী প্রাপ্য।
চ) বাসস্থান : বিধি অনুযায়ী সরকারি ব্যয়ে আসবাবপত্রসহ বাসস্থান।
ছ) বদলি অনুদান : ঢাকায় আহরিত মাসিক বেতনের অর্ধেকের সমপরিমাণ অর্থ। বেতনের এক চতুর্থাংশ ঢাকায় এবং এক চতুর্থাংশ বার্মিংহাম-এ প্রদেয়।
জ) ভ্রমণ ব্যয় : বিধি অনুযায়ী নিজ এবং পরিবারের সদস্যদের জন্য অনুমোদিত পথে সরকারি ব্যয়ে ঢাকা হতে বার্মিংহাম পর্যন্ত বিমানে সুলভ শ্রেণী-তে (Economy Class) ভ্রমণ এবং তদসঙ্গে আনুষঙ্গিক ব্যয়।
ঝ) ব্যক্তিগত মালামাল পরিবহন ব্যয় : বিধি অনুযায়ী ঢাকা হতে বার্মিংহাম পর্যন্ত ব্যক্তিগত মালামাল পরিবহন খরচ অথবা ব্যক্তিগত মালামাল পরিবহন বাবদ প্রকৃত খরচ।

২। জনাব মোঃ আব্দুর রউফ-কে উক্ত মিশনে অবিলম্বে যোগদানের জন্য নির্দেশ দেয়া হলো।

৩। উক্ত কর্মকর্তা সরকারি বাসায় অবস্থান করলে আবাসন সংক্রান্ত বিষয়াদি দায়িত্বভার ত্যাগের পূর্বে আবশ্যিকভাবে সাধারণ সেবা-১ শাখায় বুঝিয়ে দিবেন।

৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ বদলি আদেশ জারি করা হলো।

(মোঃ আরিফুর রহমান)

সহকারী সচিব (সংস্থাপন-২)


☎ঃ ৯৫৬২৯৫১

ই-মেইলঃ p2@mofa.gov.bd

জনাব মোঃ আব্দুর রউফ
সহকারী সাইফার কর্মকর্তা
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা (প্রয়োজ্য ক্ষেত্রে) গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

- ১। মহাপরিচালক (প্রশাসন), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ২। পরিচালক (পররাষ্ট্র মন্ত্রীর দপ্তর/পররাষ্ট্র প্রতিমন্ত্রীর দপ্তর/পররাষ্ট্র সচিবের দপ্তর/সংস্থাপন/অর্থ), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা (পররাষ্ট্র বিষয়ক), ১ম ১২ তলা সরকারি ভবন (৯ম তলা), সেগুনবাগিচা, ঢাকা।
- ৪। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (আইসিটি/এসএসএ/পিএভিও/কনসুলার/এমবি ও ইক্যুপমেন্ট/তহবিল/বাজেট/সাধারণ সেবা-১ ও ২), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (সংশ্লিষ্ট কর্মকর্তা ও তার পরিবারের সদস্যদের অনুকূলে পাসপোর্ট প্রদানের অনুরোধসহ)।
- ৬। মহাব্যবস্থাপক, বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ, বাংলাদেশ ব্যাংক (প্রধান কার্যালয়), মতিঝিল, ঢাকা।
- ৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা (ইমিগ্রেশন), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা (উক্ত কর্মকর্তা ও তার সহগামীদের বহিরাগমন সংক্রান্ত প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের অনুরোধসহ, ফ্যাক্স নং-৮৯০১৫৪৪)।
- ৮। বাংলাদেশ সহকারী হাইকমিশন, বার্মিংহাম।
- ৯। অফিস কপি।



(মোঃ আরিফুর রহমান)

সহকারী সচিব (সংস্থাপন-২)